# Bangladesh Society of Physiologists (BSP)

**Department of Physiology**

**Bangabandhu Sheikh Mujib Medical University**

Founded on 2006, Email: bangsphysiol@yahoo.com

prof.dr.nasimjahan@gmail.com, nayma_sultana@yahoo.com

**Mobile: +88-01818260145, web: www.the-bsp.org**


বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস (বি এস পি) এর ২০২৪-২০২৫ সেশনের কার্যনির্বাহী পরিষদের

**দ্বিতীয় কার্যনির্বাহী সভার কার্যবিবরনী**

**সভাপতিঃ**

অধ্যাপক ডাঃ নাসিম জাহান

(সম্মানিত সভাপতি, বি এস পি)

**সভার তারিখঃ** ২৯/০১/২০২৪ ইং

**সভার সময়ঃ** সন্ধ্যা ৭ ঘটিকা

**সভার স্থানঃ** অনলাইন জুম মিটিং

**সভায় উপস্থিতিঃ** ২৩ জন (সভায় অংশগ্রহণকারী কার্যনির্বাহী সদস্যের হাজিরার কপি সংযুক্ত)

সম্মানিত সভাপতি প্রথমেই উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সাধারণ সম্পাদক অধ্যাপক নাঈমা সুলতানা আলোচ্যসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পড়ে শুনান। এরপর আলোচ্যসুচী অনুযায়ী আলোচনা হয়ঃ

১। আর্থিক ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়া বিষয়ক আলোচনাঃ

কোষাধ্যক্ষ ডাঃ কাজী সালমা বিনতে ফারুকী সবাইকে জানান যে আর্থিক দায়িত্ব হস্তান্তরের প্রাথমিক কার্যক্রম শেষ হয়েছে কিন্তু ব্যাংক থেকে জানানো হয়েছে যে সম্পুর্ণ প্রক্রিয়া সমাধানে কিছুদিন সময় লাগবে। এ সময়ে অধ্যাপক ডাঃ নিলুফার রহমান বলেন বিভিন্ন বকেয়া বিল পরিশোধ সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের স্বাক্ষর সম্বলিত চেকের মাধ্যমে করতে হবে।

**সিদ্ধান্তঃ** ব্যাংকের কাজটি দ্রুত সমাধানের ব্যাপারে তাগাদা দিতে ও ব্যাংকের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষার ব্যাপারে কোষাধ্যক্ষকে অনুরোধ জানানো হয়।

২। সম্পাদকীয় পরিষদ **(editorial board)** গঠনের **ব্যাপারে আলোচনাঃ**

সভায় সর্বসম্মতিক্রমে সম্পাদকীয় পরিষদ গঠনের খসড়া তালিকা প্রস্তাবিত হয়।

**সিদ্ধান্তঃ** আগামী কার্যনির্বাহী পরিষদের সভায় সর্বসম্মতিক্রমে এই নামসমূহ চূড়ান্ত করা হবে।

**৩। সাধারণ সভা আয়োজনঃ**

সভাপতি অধ্যাপক ডাঃ নাসিম জাহান সাধারন সভা আয়োজনের সময়কাল নিয়ে সভায় আলোচনা করেন। এ সময় ডাঃ ইফাত জাহান ১৬ ফেব্রুয়ারী করার কথা বলেন। তখন অনেকেই ২৩ ফেব্রুয়ারী সাধারন সভা করার ব্যাপারে মতামত দেন। ভেন্যু সিলেক্ট এর জন্য সবার মতামত চাওয়া হয়। এসময় অধ্যাপক নাঈমা সুলতানা ঢাকার অভ্যন্তরে সুবিধাজনক কোন ভেন্যুতে সভা আয়োজনের সুপারিশ করেন। এসময়ে ডাঃ শামস রুহানী শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজে করা যেতে পারে এই মর্মে প্রস্তাব দেন, যাতে পরবর্তীতে সকলে সম্মতি দেন। এসময়ে সভাপতি ২টি বৈজ্ঞানিক উপস্থাপনা করার ব্যাপারে মতামত দেন, সেটা পোস্টার প্রেজেন্টেশন আর মৌখিক দুইভাবেই করার ব্যাপারে তিনি মত দেন। অধ্যাপক ডাঃ ফরিদা আদিব খানম নতুন কারিকুলাম সম্পর্কে ফিজিওলজিস্টদের জ্ঞান বৃদ্ধির জন্য এ সম্পর্কিত প্রেজেন্টেশন করার ব্যাপারে মতামত দেন। এ সময়ে অধ্যাপক নাঈমা সুলতানা SOE নিয়ে প্রেজেন্টেশন করার প্রস্তাবনা দেন, যা সর্বসম্মতিক্রমে পাশ হয়।

**সিদ্ধান্তঃ** সাধারণ সভা আয়োজনের জন্য অধ্যাপক নাঈমা সুলতানা, অধ্যাপক ডাঃ দিলরুবা সিরাজী , ডাঃ শামস রুহানী ইসলাম ও ডাঃ আশফাক রাফেদ রহমান এর সমন্বয়ে কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। ২৩ শে ফেব্রুয়ারী শুক্রবার শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজের অডিটোরিয়ামে সাধারণ সভা আয়োজনের নীতিগত সিদ্ধান্ত হয়। সবাইকে কমপক্ষে এক সপ্তাহ আগে জানানোর ব্যাপারে সিদ্ধান্ত হয়।

**৪। টেলিফোন নির্দেশিকা হালনাগাদকরণঃ**

অধ্যাপক ডাঃ রোকেয়া বেগম সদস্য তালিকা বর্তমান তারিখ অবধি হালনাগাদ করা সাপেক্ষে টেলিফোন নির্দেশিকা হালনাগাদকরণ এর ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষন করেন। এ সময়ে তিনি মত দেন যে ছবিযুক্ত টেলিফোন নির্দেশিকা করলে সেটা সময় সাপেক্ষ হবে আর আকারেও বড় হবে, সেইজন্য সকলের পরামর্শক্রমে পুর্বের ন্যায় নাম, পদবী, কর্মস্থল, ফোন নং এবং ই মেইল আইডি যুক্ত টেলিফোন নির্দেশিকা হালনাগাদ করা হবে।

**সিদ্ধান্তঃ** টেলিফোন নির্দেশিকা হালনাগাদকরণ এর নিমিত্তে সাধারণ সম্পাদক অধ্যাপক নাঈমা সুলতানা অতি দ্রুত সদস্যদের একটি পত্রের মাধ্যমে করণীয় সম্পর্কে অবহতি করবেন।

৫। **সদস্যদের সাবক্রিপশন ফি উত্তোলন ও সদস্যতালিকা হালনাগাদকরণঃ**

নতুন সদস্যদের অন্তভুক্তি আর পুরাতন সদস্যদের সাবক্রিপশন ফি উত্তোলন সাপেক্ষে তালিকা হালনাগাদকরণ এর প্রয়োজনীয়তা সকলকে অবহিত করেন অধ্যাপক ডাঃ ফরিদা আদিব খানম। তিনি এটাও বলেন সদস্য তালিকা এই তালিকা হালনাগাদ করলে ভবিষ্যতে ভোটার লিস্ট প্রনয়নেও কার্যকরী ভূমিকা রাখবে।

# Bangladesh Society of Physiologists (BSP)
**Department of Physiology**
**Bangabandhu Sheikh Mujib Medical University**
Founded on 2006, Email: bangsphysiol@yahoo.com
prof.dr.nasimjahan@gmail.com, nayma_sultana@yahoo.com
Mobile: +88-01818260145, web: www.the-bsp.org


---

**সিদ্ধান্তঃ** সদস্যতালিকা হালনাগাদকরণ ও সদস্যদের সাবক্রিপশন ফি উত্তোলন এর জন্য সাধারণ সম্পাদক অধ্যাপক নাঈমা সুলতানা চিঠি দিবেন।

৬। সমস্ত বছরের কার্যবিবরণী সম্পর্কিত ক্যালেন্ডার প্রনয়নঃ

সোসাইটির বছর ভিত্তিক কার্যবিবরণী সম্পর্কিত ক্যালেন্ডার প্রনয়নের ব্যাপারে মত দেন সভাপতি অধ্যাপক ডাঃ নাসিম জাহান । তিনি বলেন এতে করে সুশৃঙ্খলভাবে সকল কার্য সমাধা করা যাবে।

সিদ্ধান্তঃ ক্যালেন্ডার প্রণয়ন এবং এই কাজ বাস্তবায়নের জন্য সাংগঠনিক সম্পাদক আরও কিছু সদস্যদেরকে সাথে নিয়ে কাজ করবেন।

**৫। বিবিধঃ**

- সমাজকল্যাণ অধিদপ্তরের সাথে যোগাযোগ রক্ষাঃ
  যোগাযোগ রক্ষার জন্য যুগ্ম সম্পাদক এবং সহ যুগ্ম সম্পাদককে দায়িত্ব দেয়া হয়। তারা পরবর্তীতে সাধারণ সম্পাদকের কাছে কাজের অগ্রগতি সম্পর্কে জানাবেন।
- পরবর্তী কার্যনির্বাহী সভার তারিখ নির্ধারণঃ আগামী ৪ ফেব্রুয়ারী পরবর্তী কার্যনির্বাহী সভার তারিখ নির্ধারণ করা হয়।
- সভার কার্যবিবরণী লেখার পদ্ধতি নিয়ে আলোচনাঃ কার্যবিবরণীতে আলোচ্যসুচী, আলোচনা এবং সিদ্ধান্ত অনুসারে লেখার জন্য ঐক্যমত হয়।
- পুর্ববর্তী সভার কার্যবিবরণী সোশ্যাল মিডিয়া গ্রুপে অতিদ্রুত প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়।

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে ও সকলের সুস্থতা কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

Jahan

অধ্যাপক ডাঃ নাসিম জাহান
সভাপতি, ২০২৪-২০২৫ কার্যনির্বাহী পরিষদ
বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস (বি এস পি )